# আজ ঐতিহাসিক ৭ মার্চ



সংগৃহীত ছবি

আজ ঐতিহাসিক ৭ মার্চ। বাঙালির স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধের ইতিহাসে দিনটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

১৯৭১ সালের এই দিনে ঢাকার সোহরাওয়ার্দী উদ্যান-এর তৎকালীন রেসকোর্স ময়দানে লাখো মানুষের সমাবেশে ভাষণ দেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সেদিন তিনি বাঙালি জাতিকে স্বাধীনতার আন্দোলনের জন্য প্রস্তুত হওয়ার আহ্বান জানান এবং ঘোষণা করেন, “এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।”

ঐতিহাসিক এই ভাষণ আন্তর্জাতিক স্বীকৃতিও পেয়েছে। ২০১৭ সালের ৩০ অক্টোবর ইউনেস্কো বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে ‘বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য’ হিসেবে স্বীকৃতি দেয়।

মাত্র ১৮ মিনিটের এই ভাষণে তৎকালীন সাড়ে সাত কোটি মানুষের আশা-আকাঙ্ক্ষা, দীর্ঘদিনের বঞ্চনা এবং স্বাধীনতার আকাঙ্ক্ষা ফুটে ওঠে। বিশ্ব ইতিহাসের গুরুত্বপূর্ণ বক্তৃতাগুলোর মধ্যে এটি অন্যতম হিসেবে বিবেচিত হয় এবং সময়ের সঙ্গে সঙ্গে ভাষণটি বিশ্বের বহু ভাষায় অনূদিত হয়েছে।

LENS ASIA